

আয়তন

১,১৪৪.৯৬ বর্গ কিমি.

অবস্থান

২৩°০০' উত্তর অক্ষাংশ থেকে ২০°-৩০' উত্তর অক্ষাংশ এবং ৮৯°-৫৬' পূর্ব দ্রাঘিমাংশ থেকে ৯০°-২১' পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত মাত্র

সীমানাঃ

উত্তরে	ফরিদপুর ও মুন্সিগঞ্জ জেলা।
পূর্বে	শরিয়তপুর জেলা।
পশ্চিমে	ফরিদপুর ও গোপালগঞ্জ জেলা।
দক্ষিণে	গোপালগঞ্জ ও বরিশাল জেলা।

জনসংখ্যা

১৩,৪৬,২১২ জন (২০০৮-০৯)

নদ-নদী

পদ্মা, আড়িয়াল খাঁ, কুমার, পালরদী।

জলবায়ু

উষ্ণ ও আর্দ্র। বার্ষিক গড় বৃষ্টিপাত ২১০৫ মিলিমিটার। সর্বোচ্চ গড় তাপমাত্রা ৩৫.৮ ডিগ্রী সেলসিয়াস এবং সর্ব নিম্ন গড় তাপমাত্রা ১২.৬ ডিগ্রী সেঃ। আবহাওয়া-স্বাস্থ্যকর।

জীব-বৈচিত্র্য

পরিবেশের ভারসাম্যহীনতার কারণে জীব বৈচিত্র্য নষ্ট হতে চলেছে। বিভিন্ন প্রজাতির পশু-পাখি, গাছপালা ও মৎস হারিয়ে যাচ্ছে।

মাদারীপুরে মূল্যবান গাছের সংখ্যা খুবই কম। এখানে কোন রাষ্ট্রীয় বনভূমি নেই। জেলায় নারিকেল, সুপারি খেজুর ও তালগাছ প্রচুর জন্মে। মাদারীপুরের খেঁজুরের গুড় খুবই বিখ্যাত।

বিলুপ্ত প্রায় বন্য প্রাণীদের মধ্যে রয়েছে-খৈকশিয়াল, বাগডাসা, খাটাস, বেজি, গুইসাপ, রক্তচোষা, বাদুর ইত্যাদি।

বিলুপ্ত প্রায় পাখিগুলো হচ্ছে- শঙ্খচিল, দাড়কাক, তিলাঘুঘু, কাটঠোকরা, লক্ষ্মীপৈঁচা, কানাকুয়া, ডাহক, পানকৌড়ী, ভাতশালিক ইত্যাদি।

এছাড়া চিতল, বোয়াল, পাবদা ও মাগুর সহ প্রায় ২০ প্রজাতির মাছ হারিয়ে যাওয়ার পথে।